দৈনিক জনকণ্ঠ

DEC. 29 2001

তারিখ ... পৃষ্ঠা ১ কলাম ৬

# আড়াই লাখ বেসরকারী শিক্ষক কর্মচারীর জন্য এককালীন অবসর ভাতা চালু হবে

শরিফুজ্জামান পিন্টু

সরকারের ত্রিশ কোটি টাকা দিয়ে দেশের প্রায় আড়াই লাখ বেসরকারী শিক্ষক-কর্মচারীর জন্য এককালীন অবসর ভাতা প্রদান চালু হচ্ছে। '৯৬ সালে বিএনপি সরকার ক্ষমতায় থাকাকালে রেখে যাওয়া এই টাকা কল্যাণট্রাস্ট থেকে গত বুধবার পৃথক করা হয়েছে। এর সঙ্গে প্রতিবছর সরকার জাতীয় বাজেট থেকে অন্তত ১৫ কোটি টাকা যোগ করবে এবং তিন শ' কোটি টাকার ফান্ড না হওয়া পর্যন্ত প্রতিবছর বাজেট থেকে এই অনুদান প্রদান অব্যাহত থাকবে। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া অচিরেই বেসরকারী শিক্ষকদের জন্য এককালীন অবসর সুবিধা প্রদানের ঘোষণা দেবেন। খবর শিক্ষা মন্ত্রণালয় সূত্রের।

জানা যায়, দীর্ঘদিন ধরে বেসরকারী শিক্ষক সংগঠনগুলো চাকরি জীবনের শেষে এককালীন অবসর ভাতা প্রদানের দাবি জানিয়ে আসছে। এর আগে বিএনপি ক্ষমতায় থাকাকালে সরকার অবসর ভাতা প্রদান শুরু করার জন্য দুই দফায় ২৯ কোটি টাকা বরাদ্দ করে। অবসর ভাতা প্রদানের নীতিমালাও প্রণয়ন করা হয়। অর্ডিন্যান্স জারি করা হলেও এটি আইনে পরিণত হবার আগে '৯৬ সালে বিএনপি সরকার ক্ষমতাচ্যুত হয়। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর

(১১ পৃষ্ঠা ১-এর কঃ দেখুন)

## গ্রামের চিঠি

আমি রূপনব্রহ্ম পিতা-বিনয় ভূষণ ব্রহ্ম, থানা-গফরগাঁও। কয়েকদিন আগে কতিপয় সন্ত্রাসী ঘোলহাসিয়া গ্রামে অবস্থিত আমার বাড়ি দখল করে নেয়। সন্ত্রাসীরা প্রথমে আমার বাড়িঘরে লুটপাট চালায়, পরে পরিবারের সদস্যদের মারপিট করে বাড়ি থেকে

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## দৃষ্টি আকর্ষণ

ময়মনসিংহ জেলার অন্যতম ক্রাইম পয়েন্ট গফরগাঁও থানা। এখানে অবাধে বাংলা মদ তৈরি হচ্ছে। ফলে স্কুল-কলেজগামী ছাত্রছাত্রীরা মাতালদের হাতে লাঞ্ছিত হচ্ছে। নিরুপায় ছাত্রছাত্রীরা ভয়ে মাতালদের বিরুদ্ধে প্রতিবাদ করে না। অনেক রাস্তাঘাটের পাশে এবং অনেক ভদ্র পরিবারের পাশের বাড়িতে বাংলা মদ তৈরির ফলে মানব জীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। থানা

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## আবহাওয়া

**স্টাফ রিপোর্টার ॥** আজ শনিবার সারা দেশের আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে। তবে ভোরের দিকে নদীর অববাহিকা ও উপকূলীয় অঞ্চলে হাল্কা থেকে মাঝারি ধরনের কুয়াশা পড়তে পারে। রাতের তাপমাত্রা অপরিবর্তিত থাকতে পারে।

ঢাকায় গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩.২ ডিগ্রী সেলসিয়াস। আর্দ্রতা সকাল ন'টায় ছিল ৫৯ শতাংশ এবং সন্ধ্যা ছ'টায় ...